Terms of Refarence (TOR)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর ০৭
শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭।
www.imed.gov.bd

সমাপ্ত প্রকল্পের প্রভাব (Impact Evaluation) মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্য পরিধি (ToR):

ক। প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১। প্রকল্পের নাম : Sheikh Hasina Software Technology Park, Jessore (2nd Revised).

২। ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়; তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

খ) বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ।

৩। প্রকল্প এলাকা : যশোর সদর

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা	সমগ্র বাংলাদেশ
খুলনা	যশোর	যশোর সদর	-	-

৪। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়):

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪৭৯৫.৩৪	৪৭৯৫.৩৪	-	-	মার্চ/২০১৩ হতে সেপ্টেম্বর/২০১৪	০৪/১০/২০১১	-	-
১ম সংশোধনী	২৩৫০৯.৪৮	২৩৫০৯.৪৮	-	-	মার্চ/২০১৩ হতে ডিসেম্বর/২০১৭			

৫। প্রকল্পের অর্থায়ন (ঋণ, অনুদান ইকুইটি): প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অর্থায়নে বাস্তবায়ন করা হয়েছে

৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি উদ্দেশ্য ও প্রস্তাবিত মূল কার্যক্রম:

৬.১। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি

তথ্য প্রযুক্তির যুগে অনেক উন্নয়নশীল দেশ তাদের দারিদ্র্য, প্রশাসনিক জটিলতা, অর্থনৈতিক উন্নয়নের মন্থর গতি প্রভৃতি দূরীকরণের জন্য আইসিটি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়ে এর সম্প্রসারণ ও আইসিটি'র ব্যবহার জনগণের নাগালের মধ্যে আনয়নের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এছাড়া উন্নত দেশসমূহ ইতোমধ্যে আইসিটি এর সফল ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে তাদের সকল ক্ষেত্রে কাঙ্খিত উন্নতি অর্জন করতে সক্ষম হয়েছে। বাংলাদেশ "ভিশন ২০২১" অর্জনের জন্য আইসিটি সেক্টরকে বিশেষ গুরুত্ব দিয়েছে। বর্তমান সরকারের অঙ্গীকার "ডিজিটাল বাংলাদেশ" প্রতিষ্ঠার লক্ষ্যে ইতোমধ্যে সরকারের বিভিন্ন সংস্থা ই-গভর্নেন্স বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করেছে। ইতোমধ্যে বাংলাদেশ অন-লাইন আউটসোর্সিং এর ক্ষেত্রে বিশ্বের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। আইসিটি বিষয়ে ন্যূনতম প্রশিক্ষণ প্রদান করা হলে আউটসোর্সিং এর ক্ষেত্রে বড় ধরনের সাফল্য আসবে। ফলে ব্যাপকভাবে কর্মসংস্থান সৃষ্টি হবে এবং আইসিটি সেক্টরে আউটসোর্সিং এর ক্ষেত্রে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ একটি গুরুত্বপূর্ণ বাজারে পরিণত হবে। এ প্রেক্ষিতে "Sheikh Hasina Software Technology Park, Jessore" প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

৬.২। প্রকল্পের উদ্দেশ্য:

1. To promote balanced development of ICT Industries in the South Western region of the country .
2. To create basic infrastructure for the establishment of STP in
3. jessore.
4. To construct a Multi- tenant Building (4^{th} to 14^{th} floor), a Dormitory Building , Canteen & Amphitheater, 33 KVA Power Sub-Station, Fiber Optic Internet Line and other utility services in that proposed site for creating facilities for trainer, trainees, IT professionals and to support the local and foreign investors.
5. To create a conducive environment to attract local and foreign companies for establishing and operating IT and ITES industries in Bangladesh.
6. To create employment opportunities for the ICT Professionals .
7. To promote knowledge based industry to realize the "Vision 2021: Digital Bangladesh ."

৬.৩ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমঃ

Computers & Accessories; Furniture; Acquisition of Land; Construction of Dormitory; Multi- tenant Building; Construction of Boundary wall, walkway, side Development, Gate; External Water supply and deep tube well; Supply Installation & Construction of sub- station; Transformer & Construction of canteen & Amphitheatre Building; Construction of compound Drain and internal Road; Construction of RCC/carpeting approach Road; Construction of RCC / Carpeting Approach Road; External Electrification Compound; Light, Earthing, electric pool etc.

খ। পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১। প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরূপ দায়িত্ব পালন করবে;

(১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;

(২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ , সন্নিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

(৩) প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৪) প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহরে (procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/ হচ্ছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৫) প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৬) প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/ যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

(৭) সফটওয়ার বিজনেস সেন্টার হিসেবে ব্যবসায়িক সুযোগ-সুবিধা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

(৮) আইটি পার্কে কত সংখ্যক এবং কি পরিমাণে ব্যবসা প্রতিষ্ঠান/ফার্ম চালু রয়েছে সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(৯) আইটি পার্ক হিসেবে ভবিষ্যত সম্ভাবনা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

(১০) নতুন নতুন কর্মসংস্থানের সৃষ্টি এবং ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ে সচেতনতা তৈরি বিষয়ে পর্যালোচনা, পর্যবেক্ষণ ও সুপারিশ;

(১১) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/ স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

(১২) প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৩) প্রকল্পের সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

(১৪) প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি , সৃষ্ট সুবিধাদি , সৃষ্ট সুবিধাধি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT ANALYSIS;

(১৫) উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ

(১৬) প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন এবং

(১৭) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী ।

২। নিম্নলিখিত প্রতিবেদনসমূহ পরামর্শক প্রতিষ্ঠানকে দাখিল করতে হবে:

নং	প্রতিবেদনের নাম	সময়কাল	সংখ্যা
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	৪০ কপি
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভা	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	৪০ কপি
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডেসিমিনিশন কর্মশালার)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	৭৫ কপি
ঘ।	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ৪০ ও ইংরেজি ২০)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	৬০ কপি

৩। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকদের প্রকৃতি ও যোগ্যতা:

নং	ফার্ম ও পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১।	ফার্ম (পরামর্শক প্রতিষ্ঠান)	----	➤ গবেষণা অথবা প্রকল্পের মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় গত ১ (এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ; ➤ মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়ন এ অভিজ্ঞতা; ➤ পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২।	ক) টিম লিডার (মনিটরিংও মূল্যায়ন বিশেষজ্ঞ)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (খ) পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে	➤ গবেষণা ও মূল্যায়ন কাজে কম পক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬ /পিপিআর-২০০৮ ও উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) অনুসরণপূর্বক কার্যসম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ➤ প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা থাকবে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা; এবং
	খ) মূল্যায়ন বিশেষজ্ঞ (১)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রি;	➤ সফটওয়ার / হার্ডওয়ার/ আইটি / আইসিটি ব্যবসা সংক্রান্ত গবেষণা / মূল্যায়ন কাজে নূন্যতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
	গ) মূল্যায়ন বিশেষজ্ঞ (২)	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান/ব্যবসায় অনুষদ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	➤ আর্থ-সামাজিক গবেষণা সংক্রান্ত কাজের ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে;
	ঘ) ডাটা ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/কম্পিউটার সায়েন্স বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	➤ ডাটা ব্যবস্থাপনায় ন্যূনতম ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; ➤ SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

৪। ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয়:

ক) প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (ডিপিপি ও আরডিপিপি); এবং

খ) বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।

(মো: মাহমুদুল হক)
মহাপরিচালক ও সভাপতি
TOR চুড়ান্তকরণ সংক্রান্ত কমিটি।